

নং-সদেক/২০২৬/হিসাব/এন-১/ ৮৪

তারিখ : ১৭/০৬/২০২৬ খ্রি.

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে রেজিস্ট্রেশন/ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি:**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) কোর্সে ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন/ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম আগামী ২১/০৬/২০২৬ হতে ৩০/০৬/২০২৬ তারিখের মধ্যে অনলাইনের মাধ্যমে সম্পন্ন হবে। এ সংক্রান্ত তথ্যাদি বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) দেয়া আছে।

আবেদনসহ রেজিস্ট্রেশন ফির পরিমাণ = ২৯৮০/- (দুই নয়শত আশি টাকা মাত্র)

**অনলাইনে ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:**

- ০১। বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে ভর্তি ফরম পূরণ পূর্বক ডাউনলোড ও প্রিন্ট করে নিতে হবে।
- ০২। ভর্তি ফরম ডাউনলোড করে প্রিন্ট নিয়ে অনলাইন ভর্তির জন্য কলেজের আইসিটি শাখায় (কক্ষ নং-১১০৭) ফরম জমা দিয়ে (Education Management Softwar- EMS)- এ নাম অন্তর্ভুক্ত করে নিতে হবে।


**অনলাইনে সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তি ফরম পূরণ প্রক্রিয়া:**

- ০১। সরকারি দেবেন্দ্র কলেজের ভর্তির ওয়েবসাইট [www.debendracollege.eshiksabd.com](http://www.debendracollege.eshiksabd.com) এ গিয়ে User Name: debendrastudent এবং Password: debendrastudent দিয়ে Sign In করতে হবে।
- ০২। Sign In করা পেইজে Admission বাটনে ক্লিক করলে Click for New Admission বাটন আসবে।
- ০৩। Click for New Admission বাটনে ক্লিক করে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করতে হবে:  
Select Group অর্থাৎ যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক (অত্র কলেজের রেজিস্ট্রেশনের জন্য অনুমোদিত বিষয়: ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা) Enter NU Roll (জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক আবেদনের Admission Roll ইনপুট করে Check for Admission ক্লিক করলে একটি ভর্তি ফরম প্রদর্শিত হবে।
- ০৪। ভর্তি ফরমে চাহিত সকল তথ্য সঠিকভাবে সরবরাহ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফরমে যে ছবি ব্যবহার করা হয়েছে একই ছবি ফরমের নির্ধারিত জায়গায় আপলোড করতে হবে (ছবির মাপ maximum size: 99kb)। শিক্ষার্থীরা শুধু এস.এস.সি, এইচ.এস.সি ও ডিগ্রী পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার তথ্য ছক পূরণ করবে।
- ০৫। সঠিকভাবে ফরম পূরণের পর Save বাটনে ক্লিক করলে পূরণকৃত রেজিস্ট্রেশন ফরমে রেজিস্ট্রেশন ফিসহ সকল তথ্য চলে আসবে।
- ০৬। অতঃপর রকেট/উপায়/বিকাশ/নগদ এর মাধ্যমে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করলে বিভাগ ও ক্লাশ রোল নম্বর সংবলিত একটি SMS শিক্ষার্থীর মোবাইলে আসবে এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন হবে। এরপর ফরমটি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে মোবাইলের SMS- এ আসা রোল নম্বরটি ফরমের যথাস্থানে লিখতে হবে।

**ভর্তি ফরম পূরণ ও ভর্তি ফিস প্রদানের পর শিক্ষার্থীদের করণীয়:**

পূরণকৃত আবেদন ফরম (জাতীয় বিশ্ববিদ্যালয়ের পূরণকৃত ফরম ০১ কপি ও দেবেন্দ্র কলেজে রেজিস্ট্রেশনের জন্য পূরণকৃত ফরম ০১ কপি) নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করে কলেজের প্রশাসনিক শাখা থেকে যাচাই করে হিসাব শাখায় জমা দিতে হবে (সরকারি ছুটির দিন ব্যতিত প্রতিদিন সকাল ১০.০০ টা থেকে দুপুর ১.০০ টা পর্যন্ত)।

- ০১। এস.এস.সি/সমমান, এইচ.এস.সি/সমমান পরীক্ষা পাসের মূল সনদের ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- ০২। স্নাতক পাস/সম্মান পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদের ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- ০৩। স্নাতক পাস/সম্মান পরীক্ষার রেজি: কার্ডের সত্যায়িত ফটোকপি।
- ০৪। সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল/সাময়িক সনদের, নম্বরপত্রের এবং রেজি: কার্ডের সত্যায়িত ফটোকপি।
- ০৫। সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ।
- ০৬। সামরিক বাহিনী, পুলিশ, বি.জি.বি ও আনসার বাহিনীতে চাকুরীরত প্রার্থীদেরকে তাদের চাকুরী দু'বছর পূর্ণ হয়েছে এ মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরীতে নিয়োগের তারিখ, পরীক্ষায় অংশগ্রহণ পর্যন্ত চাকুরীতে বহাল রাখার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ছুটি দেয়া হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
- ০৭। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে প্রত্যয়নপত্রে এই কথাটি উল্লেখ থাকতে হবে।
- ০৮। রকেট/বিকাশ/ নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের কপি (মূল কপির সম্মুখভাগে শিক্ষার্থীর নাম, বিভাগের নাম, সক্রিয় মোবাইল নম্বর ও ভর্তির ক্লাশ রোল নম্বর লিখে ফটোকপি করতে হবে। মূল কপি জমা দিবে এবং ফটোকপি হিসাব শাখা হইতে স্বাক্ষর ও সীল দিয়ে শিক্ষার্থী সংরক্ষণ করবে)।

  
(প্রফেসর ড. মুহাম্মদ মাহফিজুল খান)

আইডি নং- ৯৩০৪

অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।